

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

স্মারক নম্বর : ৪৬.০০.০০০০.০০০.০৪২.১৪.০১৫৫.২৫.৮৬২

তারিখ: ২৭ বৈশাখ ১৪৩৩
১১ মে ২০২৬


বিষয় : ২০২৫-২৬ অর্থবছরে খুলনা জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় ২১৫.০০ (দুই কোটি পনেরো লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে ১২৪টি প্রকল্পের প্রস্তাবের বিষয়ে তথ্যাদি প্রেরণ।

সূত্র : স্মারক নম্বর : ৪৬.০০.৪৭০০.০০০০.০০২.০৪১.৫৭.২৫-১৭৬৫, তারিখ : ২৯-০৪-২০২৬ খ্রি।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৫-২৬ অর্থবছরে খুলনা জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় ২১৫.০০ (দুই কোটি পনেরো লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে ১২৪টি প্রকল্প বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন প্রদানের জন্য সূত্রোক্ত পত্রে প্রস্তাব পাওয়া গেছে। প্রস্তাবের সাথে নিম্নবর্ণিত তথ্যাদি প্রেরণ করা হয়নি :

- ক) সভার কার্যবিবরণীতে প্রকল্পের (নতুন ও পুরাতন) উল্লেখ নেই/পরিশেষ্ট-এর উল্লেখ নেই;
- খ) কোন্ কোন্ প্রকল্প পরিবর্তন করা হয়েছে এবং কী কারণে পরিবর্তন করা হয়েছে সে বিষয়ে সভার কার্যবিবরণীতে উল্লেখ করা হয়নি;
- গ) সভার কার্যবিবরণীতে নতুন গৃহীত প্রকল্পের সংখ্যা এবং প্রাক্কলিত ব্যয়ের পরিমাণ উল্লেখ নেই।

০২। এমতাবস্থায়, উপরিউক্ত তথ্যাদিসহ প্রয়োজ্য বিধিবিধানের আলোকে স্বয়ংসম্পূর্ণ নির্ভুল প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



খন্দকার ফরহাদ আহমদ

উপসচিব

ফোন: +৮৮০২২২৩৩৫৫৫৬৮

Email: lezp@lgd.gov.bd

বিতরণ :


১. প্রশাসক, জেলা পরিষদ, খুলনা;
২. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, খুলনা।

স্মারক নম্বর : ৪৬.০০.০০০০.০০০.০৪২.১৪.০১৫৫.২৫.৮৬২

তারিখ: ২৭ বৈশাখ ১৪৩৩
১১ মে ২০২৬

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩. মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৫. সিস্টেম এনালিস্ট, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য)।



খন্দকার ফরহাদ আহমদ

উপসচিব